

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১১২

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ লজ্জাস্থান স্পর্শ করলে যে ওয়ূ করার নির্দেশ দেওয়া হয়েছে, এটা সেই ওয়ূ যা ছাড়া সালাত বিশুদ্ধ হয় না-এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْأَمْرَ بِالْوُضُوءِ مِنْ مَسِّ الْفَرْجِ إِنَّمَا هُوَ الْوُضُوءُ الَّذِي لَا تَجُونُ الصَّلَاةُ إِلَّا بِهِ

আরবী

1112 _ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا مُسْلَمٌ وَسُلِمٌ أَلُهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ مَسَّ فَرْجَهُ فَلْيُعِدِ الوضوء)

الراوي: بُسْرَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1112 | خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: لَوْ كَانَ الْمُرَادُ مِنْهُ غَسْلَ الْيَدَيْنِ كَمَا قَالَ بَعْضُ النَّاسِ لَمَّا قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلْيُعِد الْوُضُوء) إِذ الْإِعَادَةُ لَا تَكُونُ إِلَّا لِلْوُضُوءِ الَّذي هو للصلاة.

বাংলা

১১১২. বুসরা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি তার লজ্জাস্থান স্পর্শ করবে, সে যেন পুনরায় ওয়ু করে নেয়।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, " হাদীসে ওয়ু করা দ্বারা যদি দুই হাত ধোয়া উদ্দেশ্য হতো, যেমনটা কিছু লোক মনে করে থাকে, তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অবশ্যই বলতেন না "সে যেন পুনরায় ওয়ু করে নেয়" কেননা পুনরায় ওয়ু করা কথাটি কেবল সালাতের জন্য যে ওয়ু করা হয় সেটাকেই বুঝায়।"

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৬/৪০৬; তিরমিযী: ৮২; নাসাঈ: ১/২১৬; সুনান বাইহাকী: ১/১২৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বুসরাহ বিনতে সাফওয়ান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন